



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩১ ডিসেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করেছেন নুতন কুমার চাকমা

২৯৮ নং খাগড়াছড়ি সংসদীয় আসনের স্বতন্ত্র প্রার্থী নুতন কুমার চাকমা ও ইউপিডিএফ নেতা উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ৩১ ডিসেম্বর ২০১৮, সোমবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক যুক্ত বিবৃতিতে গতকাল অনুষ্ঠিত একাদশ সংসদীয় নির্বাচনকে ভোট ডাকাতি, অনিয়ম ও কারচুপির মহোৎসব আখ্যায়িত করে নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করেছেন।

বিবৃতিতে তারা বলেন, নির্বাচনের আগে যেমন সকল দল ও প্রার্থীর জন্য সমান সুযোগ ছিল না বরং বিভিন্নভাবে ভীতিমূলক পরিস্থিতি তৈরী করা হয়, তেমনি নির্বাচনের দিন নিরাপত্তাবাহিনীর সহায়তায় সরকারদলীয় প্রার্থীর সম্ভ্রাসীরা ভোটকেন্দ্র দখল, ভোটারদের তাড়িয়ে দেয়া, প্রতিপক্ষের পোলিং এজেন্টদের বিতাড়ণ, নির্বাচনের আগের রাতে নৌকার পক্ষে ব্যালট পেপারে সীল মেরে ব্যালট বাক্স ভর্তিকরণ ইত্যাদির মাধ্যমে নির্বাচনকে এক রঙ্গ তামাশায় পরিণত করেছে।

তারা আরো বলেন, এসব বিভিন্ন অনিয়ম ও কারচুপির অভিযোগ রিটার্নিং কর্মকর্তার কাছে জানানোর পরও তিনি তার প্রতিকারে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হন।

পার্বত্য চট্টগ্রামের জনগণ এবং ইউপিডিএফ এই প্রহসনমূলক নির্বাচনকে মেনে নেবে না বলে তারা সাফ জানিয়ে দেন এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা কায়েমের মাধ্যমে পুনরায় নির্বাচন দেয়ার দাবি জানান।

বিবৃতিতে নেতৃবৃন্দ যারা ভয়-ভীতি উপেক্ষা করে ভোট প্রদান করেছেন তাদেরকে ধন্যবাদ জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।